বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা।
টেলিফোনঃ ০২-৪৭৭৭৮৮৭০৪ (অফিস)

www.bwdb.chuadanga.gov.bd

Office of the
Executive Engineer
Chuadanga O&M Division
BWDB, Chuadanga
Phone: 02-477788704(Office)
e-mail: xen.chuadanga@gmail.com

স্মারক নং-১এ-১/৯৭ তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রি.

# নিলাম বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ০১। | নিলাম বিজ্ঞপ্তি নং | ঃ | ০১/২০২২-২০২৩ |
| ০২। | নিলামের ধরন এবং বিক্রয়যোগ্য মালামাল | ঃ | ২০২২-২০২৩ অর্থবছরে চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা'র অধীন আলমডাঙ্গা পওর উপ-বিভাগের বিভিন্ন স্থানে ঝড়ের প্রভাবে শিকড়সহ উপড়ে পড়া এবং ক্ষতিগ্রস্থ ০১টি শিশুগাছ, ০১টি জামগাছ ও ০২টি কৃষ্ণচূড়া গাছ (সংযুক্ত প্যাকেজওয়্যারী নির্ধারিত) দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় (প্যাকেজ ১(এক)টি)। (Auc/Alam/P-01/2022-23) |
| ০৩। | মালামালের অবস্থান | ঃ | আলমডাঙ্গা পওর উপ-বিভাগ, বাপাউবো, আলমডাঙ্গা'র বিভিন্ন স্থানে। |
| ০৪। | নিলামে অংশ গ্রহণকারীর যোগ্যতা | ঃ | যে কোন ট্রেড লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান। |
| ০৫। | নিলাম দরপত্র ও দলিলের ক্রয় মূল্য | ঃ | প্রতি প্যাকেজ নিলাম দরপত্র দলিলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য)। |
| ০৬। | নিলাম দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও স্থান | ঃ | নিলাম দরপত্রের ডকুমেন্ট ১০/০৮/২০২২খ্রি. তারিখ দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত স্থান থেকে বিক্রয় করা হবে।<br>১. জনতা ব্যাংক লিমিটেড, চুয়াডাঙ্গা শাখা, বড়বাজার, চুয়াডাঙ্গা।<br>২. নির্বাহী প্রকৌশলীর দপ্তর (হিসাব শাখা), চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। |
| ০৭। | নিলাম দরপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ১০/০৮/২০২২ খ্রি. তারিখ দুপুর ০১:৪৫ ঘটিকা পর্যন্ত। |
| ০৮। | দরপত্র গ্রহনের স্থান | ঃ | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। |
| ০৯। | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ১০/০৮/২০২২ খ্রি. তারিখ দুপুর ০২:০০ ঘটিকা। |
| ১০। | নিলাম দরপত্র খোলার স্থান | ঃ | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। |
| ১১। | জামানতের টাকার পরিমান | ঃ | নিলাম দরপত্রে উদ্ধৃত মূল্যের নুন্যতম ২৫% (শতকরা পচিশ ভাগ) টাকা পে-অর্ডার / ডিমান্ড ড্রাফট আকারে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া অনুকুলে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১২। | মালামাল গ্রহণ ও স্থানান্তর করে নেয়ার সময় | ঃ | বিস্তারিত কার্য্যাদেশ ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিন। |

১৩। নিলামের অন্যান্য শর্তাবলীঃ

(ক) আলমডাঙ্গা পওর উপ-বিভাগের বিভিন্ন স্থানে অবস্থিত তফসিলে বর্ণিত গাছ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের নিমিত্ত্বে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রকৃত ব্যবসায়ীর নিকট হতে সিল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

(খ) সংযুক্ত দরপত্র দলিলের নির্দ্ধারিত স্থানে মোট মালামালের উদ্ধৃত মূল্য অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে।

(গ) অংকে ও কথায় উদ্ধৃত মূল্যে তারতম্য দেখা দিলে কথায় উদ্ধৃত মূল্যই চূড়ান্ত মূল্য হিসেবে গন্য হবে এবং উদ্বৃত মূল্য দশমিকের পর দুই ঘর পর্যন্ত গ্রহণযোগ্য হবে।

(ঘ) দরপত্র দলিলে প্রতিটি পাতায় দরদাতা স্বাক্ষর করবেন এবং তফসিলের নির্দ্ধারিত স্থানে দরদাতা তার সম্পূর্ণ নাম, যোগাযোগের ঠিকানা, মোবাইল নং উল্লেখ করবেন।

(ঙ) নিলামে অংশগ্রহণকারীগন দর প্রদানের পূর্বে নিজ দায়িত্বে গাছ সরেজমিনে পরিদর্শন করে দেখে নিবেন।

(চ) নিলামের জন্য নির্দ্ধারিত গাছের অবস্থার বিষয়ে ও পরিমান সম্পর্কে পরবর্তীতে কোন প্রকার অভিযোগ ও আপত্তি গ্রহণযোগ্য হবেনা এবং গাছ বুঝে নেওয়ার পর নিজ খরচে কর্তন এবং অফিস হতে পরিবহন করে নিয়ে যেতে হবে।

(ছ) উদ্ধৃত দর কাটাকাটি এবং অস্পষ্ট হলে তা অনুস্বাক্ষর করতে হবে।

(জ) কর্তৃপক্ষ কর্তৃক যার দর গ্রহণ করা হবে তাকে নির্দিষ্ট সময় ১৫ (পনের) দিনের মধ্যে উল্লেখিত নিলামের মালামাল নিয়ে যেতে হবে নতুবা তার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। উল্লেখিত মালামাল পরিবহন করার সময় পানি উন্নয়ন বোর্ডের কোন সম্পত্তির ক্ষতি হলে তার দায়-দায়িত্ব তাকেই বহন করতে হবে।

(চলমান পাতা-২)

(ঝ) নিলামে উদ্ধৃত দর দাপ্তরিক অনুমোদিত প্রাক্কলিত দরের সাথে সঙ্গতিপূর্ণ না হলে কোন দরপত্র গ্রহন করা হবেনা এবং সেক্ষেত্রে কার্য্যাদেশ প্রদান করা হবেনা। দরপত্র গৃহীত হলে ৭ (সাত) দিনের মধ্যে সমুদয় টাকা পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে এবং গৃহীত মূল্যের ৫% আয়কর এবং ৭.৫০% ভ্যাট চালান এর মাধ্যমে প্রদান করতে হবে। নির্দ্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্রের সমুদয় টাকা জমা দিতে ব্যর্থ হলে তাকে কার্যাদেশ দেওয়া হবেনা। উপরন্ত তার দাখিলকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করে বাপাউবো'র হিসাবে জমা করা হবে।

(ঞ) নির্দ্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত মালামাল অপসারনের পর তার জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে।

(ট) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্র এবং আইটি/টিআইএন সনদপত্র যথাযথভাবে সত্যায়িত করে দাখিল করতে হবে।

(ঠ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরদাতার দরপত্র বা সমুদয় দরপত্র বাতিল ঘোষনা করার ক্ষমতা সংরক্ষন করেন।

(ড) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ সম্ভব না হলে তা পরবর্তী কার্য দিবসে একই সময়ে গ্রহণ ও খোলা হবে।

24/07/2022
(আরিফ আহমেদ)
পরিচিতি নং-৯২০৭১২০০১
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা। 24/07/22

স্মারক নং- ১এ-১/৯৭/১(২০) তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও নোটিশ বোর্ডে প্রদর্শনের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৩. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (নিয়মানুযায়ী নিলাম বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ।)
৪. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৫. পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
৬. নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপুর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/ইইডি, চুয়াডাঙ্গা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৮. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
৯. উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১০. ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, চুয়াডাঙ্গা শাখা, বড়বাজার, চুয়াডাঙ্গা। (১৫ সেট নিলাম দরপত্র বিক্রয়ের জন্য এতদসঙ্গে প্রেরন করা হলো এবং বিক্রয়লব্ধ অর্থ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।)
১১. উপ-বিভাগীয় প্রকৌশলী, আলমডাঙ্গা পওর উপ-বিভাগ, বাপাউবো, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১২. উপ-সহকারী প্রকৌশলী, আলমডাঙ্গা পওর শাখা-১, বাপাউবো, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
১৩. প্রাক্কলনিক/সহকারী হিসাব রক্ষক, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা।
১৪. নোটিশ বোর্ড।
১৫. দপ্তরকপি।

24/07/2022
নির্বাহী প্রকৌশলী
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা। 24/07/22